

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 16 April, 2025

প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বের প্রশংসা করে ফেসবুক পোস্ট দিয়েছেন ব্র্যাকের নির্বাহী পরিচালক আসিফ সালেহ মুখবার (১৬ এপ্রিল) রাতে আসিফ সালেহ তার ভেরিফায়েড ফেসবুক ওয়ালে লেখেন, “আমরা সবাই নারী দিবসে অনেক কথা বলি নারীর অধিকার নিয়ে। কিন্তু রাষ্ট্র ও সমাজ এখনো কিছু বেসিক জিনিস দিতে পারেনি নারীদের। এর মধ্যে অন্যতম হলো পাবলিক পরিচ্ছন্ন বাথরুম। রাস্তার কথা বাদই দিলাম। ভয়ানক দুরবস্থা কোর্ট রুমে। গত বেশ কয়েক বছর চেষ্টা করেছি। কিন্তু কেউ এই ‘সামান্য’ জিনিসকে গুরুত্ব দেয়নি। প্রধান বিচারপতির সঙ্গে প্রথম সাক্ষাতে যখন এই প্রস্তাবটি দিলাম, তিনি সানন্দে রাজি হলেন।

‘খুব ভালো লেগেছে আজকে এই উদ্যোগটি শুরু করতে পেরে। মাননীয় প্রধান বিচারপতির আগ্রহ ও তার অফিসের তত্ত্বাবধানে, ব্র্যাকের সহায়তায়, ভূমিজের টেকনিক্যাল সহায়তায় শুরু হলো খুব ‘সামান্য’ এই প্রয়াস। সুপ্রিম কোর্ট দিয়ে শুরু, এরপর ঢাকা ও নারায়ণগঞ্জ শহরের আদালতে সবার ব্যবহারের উপযুক্ত এই বাথরুম হবে। এখানকার উদ্ভাবন হলো যে এখানে মান নিয়ন্ত্রণের জন্য অডোমিটার ব্যবহার করা হয় এবং এটি রিমোটলি মনিটর করা হবে এবং ভালোভাবে মেইনটেইন করা হবে।

বুধবার প্রধান বিচারপতি বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ নবনির্মিত এ স্থাপনাগুলো পরিদর্শন করেন। এ সময় প্রকল্পটি বাস্তবায়ন কর্তৃপক্ষ ব্র্যাকের নির্বাহী পরিচালক আসিফ সালেহ উপস্থিত ছিলেন।

প্রধান বিচারপতি ফেসবুক